## সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর **সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ** কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম।
তারিখ: ২৯/০৮/২০২১ খ্রি.।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হলো নাগরিক ও সেবাদাতাগণের মধ্যকার একটি চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বর্ণনা ও করণীয় উল্লেখ থাকে। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী বিভাগীয় দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী বিভাগীয় দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদের ক্ষেত্রে প্রতিশ্রুত সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যান্তরীণ সেবা ক্যাটাগরিতে বিন্যস্ত করতে হবে।

৩. বিভাগীয় দপ্তরের ওয়েব পোর্টালে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক সেবা বক্সটি মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর সেবা বক্স এর অনুকরণে পূনর্বিন্যাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. ওয়েব পোর্টালে উক্ত সেবা বক্সের আওতায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্যাদি আপলোড করতে হবে।

বি:দ্র: সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির পরবর্তী সভা নভেম্বর/২১, ফেব্রুয়ারী/২২ ও মে/২২ মাসের ৪র্থ সপ্তাহে বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে । অনিবার্য কারণ বশত: সভার তারিখ পরিবর্তন হতে পারে ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29.08.2021

(ইসমত আরা)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮১-৬১৮৫৯
sufokurigramsadar@fisheries.gov.bd